

পশ্চিমবঙ্গ খাদ্য ও সরবরাহ দপ্তরে ৯৫৭ জন ফুড সাব-ইনস্পেক্টর নিয়োগ করা হবে, ওয়েস্ট বেঙ্গল সার্ভিসেস ট্রাষ্ট ফুড অ্যান্ড সাপ্লাইজ সার্ভিস গ্রেড-থ্রিতে। পিএসসির পরীক্ষার মাধ্যমে নিয়োগ হবে। পরীক্ষা আগামী ২৭ জানুয়ারি হতে পারে।

লেখা পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লেখা পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন থাকবে জেনারেল স্টাডিজ (৫০ নম্বর) ও অ্যারিথমেটিক (৫০ নম্বর) বিষয়ের উপর। মোট ১০০ নম্বরের পরীক্ষা, সময় ১ ঘণ্টা ৩০ মিনিট। জেনারেল স্টাডিজ থাকবে দৈনন্দিন বিজ্ঞানের সাধারণ অভিজ্ঞতা, সাম্প্রতিক ঘটনাবলি (ভারতীয় ঘটনাবলিতে বিশেষ গুরুত্ব সহ), ভারতীয় ইতিহাস ও ভূগোলের প্রাথমিক জ্ঞান সম্পর্কিত প্রশ্ন। অ্যারিথমেটিকে মাধ্যমিক স্তরের অঙ্ক থাকবে মেন্টাল এবিলিটি সহ। পরীক্ষা দেওয়া যাবে ইংরেজি বা বাংলায়, দুয়ের মধ্যে যে-কোনও একটি ভাষায়।

- সুপা বাঁধ ভারতের কোন রাজ্যে অবস্থিত?
 - তামিলনাড়ু
 - কর্ণাটক
 - কেরালা
 - অন্ধ্রপ্রদেশ
- ‘মারাঠা জাতির নেপোলিয়ন’ কাকে বলা হয়?
 - প্রথম বাজিরাও
 - বালাজি বাজিরাও
 - বালাজি বিশ্বনাথ
 - প্রথম মাধবরাও
- তিব্বতী ভাষায় ‘চোমোগলামা’ শব্দের অর্থ কী?
 - মালভূমি অঞ্চল
 - মাউন্ট এভারেস্ট
 - তরাই-ডুয়াস অঞ্চল
 - কোনোটি সঠিক নয়
- কতগুলি ভারতীয় রাজ্যের সঙ্গে মায়ানমারের সীমানা রয়েছে?
 - দুটি
 - তিনটি
 - চারটি
 - একটি
- ভারতের দীর্ঘতম রেলপথ সেতু ‘বগিবেল ব্রিজ’ কোন নদীর উপর নির্মিত হয়েছে?
 - গঙ্গা
 - গোদাবরী
 - যমুনা
 - ব্রহ্মপুত্র
- তিনটি সমান মাপের গ্লাস সরবতে পূর্ণ আছে। ওই সরবতে জল ও সিরাপের অনুপাত প্রথম গ্লাসে 3 : 1, দ্বিতীয় গ্লাসে 5 : 3 এবং তৃতীয় গ্লাসে 9 : 7; ওই তিনটি গ্লাসের সরবত একটি বড় পাত্রে ঢালা হল। নতুন পাত্রে জল ও সিরাপের অনুপাত কী হবে?
 - 31 : 17
 - 30 : 10
 - 11 : 9
 - 11 : 10
- হফম্যান কাপ কোন খেলার সঙ্গে যুক্ত?
 - লন টেনিস
 - ব্যাডমিন্টন
 - হকি
 - ফুটবল
- কোন দেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গের নাম ‘মাউন্ট কিনাবালু’?
 - মালয়েশিয়া
 - ইথিওপিয়া
 - মোজাম্বিক
 - তানজানিয়া
- ২০১৮ সালের বিশ্ব মৃত্তিকা দিবসের (World Soil Day) থিম কী?
 - Be the Solution to Soil Pollution
 - Healthy soils for a healthy life
 - Soils & Pulses: Symbiosis for life
 - Soil day for future life
- বিশ্বের প্রথম দেশ হিসেবে কোন দেশে ২০১৯ সাল থেকে বিনামূল্যে সমস্ত পাবলিক ট্রান্সপোর্ট ব্যবহার করা যাবে?
 - ভিয়েতনাম
 - ভেনেজুয়েলা
 - লুক্সেমবার্গ
 - কোনোটি সঠিক নয়
- কোনো জিনিসের উৎপাদনকারী 25%, পাইকারি ব্যবসায়ী 20% এবং খুচরো বিক্রেতা 24% লাভে জিনিসটি বিক্রি করেন। যদি জিনিসটি 1302 টাকায় খুচরো বিক্রি হয়ে থাকে, তবে তা উৎপাদন করতে কত খরচ হয়েছিল?
 - 730 টাকা
 - 700 টাকা
 - 600 টাকা
 - 800 টাকা
- সম্প্রতি কে ভারতের অর্থ সবিচের দায়িত্ব পান?
 - অজয় নরায়ণ বা
 - অরুণ রামানাথন
 - অজয় ভূশন পাণ্ডে
 - এস ভেঙ্কটারণ
- কে প্রথম জলপথে বিশ্ব পরিক্রমা করেন?
 - মার্কো পোলো
 - কলম্বাস
 - আম্বুডসেন
 - ম্যাগেলান
- ডাফলা উপজাতির লোকেরা কোথায় বাস করে?
 - অসম
 - ত্রিপুরা
 - অরুণাচল প্রদেশ
 - মণিপুর
- ২০১৮ সালের দ্বিতীয় ইন্টারন্যাশনাল আয়েদকর কনফ্লেন্স কোন শহরে অনুষ্ঠিত হয়?
 - নতুন দিল্লি
 - ইন্দোর
 - ভোপাল
 - চেন্নাই
- শঙ্ক মোচন দেখা যায়
 - গ্র্যানাইট শিলা দিয়ে গঠিত অঞ্চলে
 - চুনাপাথর দিয়ে গঠিত অঞ্চলে
 - ট্যালাস দিয়ে গঠিত অঞ্চলে
 - লবণাক্ত অঞ্চলে
- ‘দীন-ই-লাহি’ ধর্মে প্রথম কে ধর্মান্তরিত হন?
 - শিবাজী
 - সমুদ্রগুপ্ত
 - টোডরমল
 - কোনোটি সঠিক নয়
- মনোহর আইচ কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন?
 - বক্সিং
 - বডি বিল্ডিং
 - রেসলিং
 - কোনোটি সঠিক নয়
- ‘বিশ্ব নিউমোনিয়া দিবস’ কেব পালিত হয়?
 - ১০ নভেম্বর
 - ১২ নভেম্বর
 - ১৮ নভেম্বর
 - ২১ নভেম্বর
- মহাকাল পর্বতের সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?
 - অমরকণ্ঠক
 - ধূপগড়
 - ডোডাবেটা
 - সান্দাকফু
- জাতীয় চলচ্চিত্র পুরস্কার কত সালে চালু হয়?
 - ১৯৫৪ সালে
 - ১৯৫২ সালে
 - ১৯৭৩ সালে
 - ১৯৬৩ সালে
- এশিয়ান গেমস ২০১৮ কোন দেশে অনুষ্ঠিত হয়?
 - মালয়েশিয়া
 - ইন্দোনেশিয়া
 - মালদ্বীপ
 - সিঙ্গাপুর
- এক ব্যক্তি তাঁর 12 ও 14 বছর বয়সের দুই ছেলের জন্য 18750 টাকা এমনভাবে ভাগ করে রেখে গেলেন যে যখন তারা 18 বয়সে সাবালক হবে তখন 5% সরল-সুদে প্রত্যেকে সুদে-আসলে সমান টাকা পাবে। তিনি প্রত্যেকের জন্য কত টাকা রেখে গিয়েছিলেন?
 - বড় ছেলের জন্য 9750 টাকা, ছোটো ছেলের জন্য 8000 টাকা
 - বড় ছেলের জন্য 9000 টাকা, ছোটো ছেলের জন্য 9000 টাকা
 - বড় ছেলের জন্য 9750 টাকা, ছোটো ছেলের জন্য 9000 টাকা
 - বড় ছেলের জন্য 9750 টাকা, ছোটো ছেলের জন্য 8000 টাকা
- ২০১৮ সালে কেরালায় নিম্নলিখিত কোন ভাইরাসের কারণে বহু মানুষের মৃত্যু হয়?
 - ইবোলা ভাইরাস
 - এইচআইভি ভাইরাস
 - সোয়াইন ফ্লু ভাইরাস
 - নিপা ভাইরাস

25. ভারতে ২০১৮ সালে জিএসটি দিবস কবে পালিত হয়েছে?

- (a) ১ মে (b) ১ জুন
(c) ১ জুলাই (d) ১ এপ্রিল

26. ২০১৮ সালে ভেনিজুয়েলার রাষ্ট্রপতি নির্বাচনে কে জয়ী হন?

- (a) নিকোলাস মাদুরাই (b) হুগো শাভেজ
(c) রাফেল কেদ্রা (d) কোনোটি সঠিক নয়

27. বিশ্ব উচ্চ রক্তচাপ দিবস কবে পালিত হয়?

- (a) ১৫ মে (b) ১৬ মে
(c) ১৭ মে (d) ১৮ মে

28. 'ডঃ আব্দুল কালাম' দ্বীপটি কোন রাজ্যে অবস্থিত?

- (a) গুজরাট (b) তামিলনাড়ু
(c) কেরালা (d) ওড়িশা

29. 'গাইডিং সোলস' বইটি কার লেখা?

- (a) আব্দুল কালাম (b) অমিতাভ ঘোষ
(c) বিক্রম সেন (d) বৃন্দা লাহিড়ী

30. ২০২২ সালের কমনওয়েলথ গেমস কোথায় অনুষ্ঠিত হবে?

- (a) সিডনি (b) হংকং
(c) টোকিও (d) বামিংহাম

ANSWERS

1. (b) 2. (a) 3. (b) 4. (c) 5. (d) 6. (a) সমাধান: 1ম গ্লাসে জল : সিরাপ = 3 : 1

$$\therefore \text{জলের অংশ} = \frac{3}{4}, \text{সিরাপের অংশ} = \frac{1}{4}$$

2য় গ্লাসে জল : সিরাপ = 5 : 3

$$\therefore \text{জলের অংশ} = \frac{5}{8}, \text{সিরাপের অংশ} = \frac{3}{8}$$

3য় গ্লাসে জল : সিরাপ = 9 : 7

$$\therefore \text{জলের অংশ} = \frac{9}{16}, \text{সিরাপের অংশ} = \frac{7}{16}$$

$$\text{নতুন পাত্রে, জলের অংশ} = \frac{3}{4} + \frac{5}{8} + \frac{9}{16} = \frac{12+10+9}{16} = \frac{31}{16}$$

$$\text{সিরাপের অংশ} = \frac{1}{4} + \frac{3}{8} + \frac{7}{16} = \frac{4+6+7}{16} = \frac{17}{16}$$

$$\therefore \text{নতুন পাত্রে, জল : সিরাপ} = \frac{31}{16} : \frac{17}{16} = 31 : 17.$$

7. (a) 8. (a) 9. (a) 10. (c) 11. (b) সমাধান: মনে করুন, কোন জিনিসের উৎপাদন ব্যয় = x টাকা

উৎপাদনকারী 25% লাভে পাইকারি ব্যবসায়ীকে বিক্রয় করে।

$$\therefore \text{উৎপাদনকারীর বিক্রয়মূল্য} = \frac{125}{100}x \text{ টাকা।}$$

$$\text{উৎপাদনকারীর বিক্রয়মূল্য} = \text{পাইকারি ব্যবসায়ীর ক্রয়মূল্য} = \frac{125}{100}x \text{ টাকা।}$$

পাইকারি ব্যবসায়ী

20% লাভে খুচরো বিক্রেতাকে জিনিস বিক্রয় করে।

$$\therefore \text{পাইকারি ব্যবসায়ীর বিক্রয়মূল্য} = \frac{120}{100} \times \frac{125}{100}x \text{ টাকা।}$$

পাইকারি ব্যবসায়ীর বিক্রয়মূল্য = খুচরো বিক্রেতার ক্রয়মূল্য

$$= \frac{120 \times 125 \times x}{100 \times 100} \text{ টাকা।}$$

খুচরো বিক্রেতা 24% লাভে খরিদারকে জিনিস বিক্রি করে।

$$\therefore \text{খুচরো ব্যবসায়ীর বিক্রয়মূল্য} = \frac{124}{100} \times \frac{120 \times 125 \times x}{100 \times 100} \text{ টাকা।}$$

$$\text{খুচরো ব্যবসায়ীর বিক্রয়মূল্য} = \text{খরিদারের ক্রয়মূল্য} = \frac{124 \times 120 \times 125 \times x}{100 \times 100 \times 100} \text{ টাকা।}$$

$$\therefore \text{শর্তানুসারে, } \frac{124 \times 120 \times 125 \times x}{100 \times 100 \times 100} = 1302$$

$$\text{বা, } x = \frac{1302 \times 100 \times 100 \times 100}{124 \times 120 \times 125} = 700$$

\therefore জিনিসটি উৎপাদন করতে 700 টাকা খরচ হয়েছিল।

12. (a) 13. (d) 14. (c) 15. (a) 16. (b) 17. (c) 18. (b) 19.

(b) 20. (a) 21. (a) 22. (b) 23. (c) সমাধান: মনে করুন, তিনি তাঁর

বড়ো ছেলের নামে x টাকা রেখেছেন।

$$\therefore \text{তিনি ছোটো ছেলের নামে রেখেছেন} = (18750 - x) \text{ টাকা।}$$

আসল	সময়	সুদ
100	1	5

$$x \quad (18 - 14) \quad ?$$

$$\therefore \text{নির্ণেয় সুদ} = \frac{5}{100} \times x \times 4 \text{ টাকা} = \frac{x}{5} \text{ টাকা।}$$

আবার,

আসল	সময়	সুদ
100	1	5

$$(18750 - x) \quad (18 - 12) = 6 \quad ?$$

$$\therefore \text{নির্ণেয় সুদ} = \frac{5}{100} \times (18750 - x) \times 6 \text{ টাকা}$$

$$= \frac{3(18750 - x)}{10} \text{ টাকা}$$

$$\therefore \text{সুদে আসলে} = (18750 - x) + \frac{3(18750 - x)}{10} \text{ টাকা}$$

$$\text{আবার, বড়ো ছেলের ক্ষেত্রে সুদে-আসলে মোট} = \left(\frac{x}{5} + x\right) \text{ টাকা}$$

$$\text{শর্তানুসারে, } \frac{x}{5} + x = (18750 - x) + \frac{3(18750 - x)}{10}$$

$$\text{বা, } \frac{x}{5} + x + x + \frac{3x}{10} = 18750 + \frac{3 \times 18750}{10}$$

$$\text{বা, } \frac{2x + 10x + 10x + 3x}{10} = \frac{187500 + 56250}{10}$$

$$\text{বা, } 25x = 243750$$

$$\text{বা, } x = \frac{243750}{25}$$

$$x = 9750$$

\therefore তিনি বড়ো ছেলের নামে 9750 টাকা রেখেছিলেন এবং ছোটো ছেলের নামে

(18750 - 9750) টাকা = 9000 টাকা রেখে গিয়েছিলেন।

24. (d) 25. (c) 26. (a) 27. (c) 28. (d) 29. (a) 30. (d)